377

দৈনিক ইনকিলাব

তারিখ ... JAN. 7 .. 1999 ... ...
পৃঃ ২ কলাম ৫

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আসন সংখ্যা বহাল রাখুন

একথা সত্য যে, বাংলাদেশে উচ্চ শিক্ষার আসন সংখ্যা শিক্ষার্থী অপেক্ষা অনেক কম। তাই অনেক শিক্ষার্থী ছাত্র-ছাত্রী উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হয়। কারণ বিশ্ববিদ্যালয়ে ভর্তি আসন সংখ্যা সীমিত হওয়ায় ভর্তি পরীক্ষায় মেধা লড়াইয়ে অবতীর্ণ হতে হয়। মেধা লড়াইয়ে পরাজিত হয়ে সাধারণ শিক্ষার্থীরা উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হয়। ফলে ভেঙ্গে যায় তাদের বুকভরা সোনালী স্বপ্ন। তাই যেখানে জ্ঞানপিপাসু ছাত্র-ছাত্রীদের সোনালী স্বপ্ন বাস্তবায়নের জন্য আসন সংখ্যা বাড়ানো প্রয়োজন, সেখানে এবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষে ভর্তির আসন সংখ্যা কমানো হচ্ছে, অথচ ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের সকল বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা বাড়ানো হচ্ছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা কমিয়ে ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত করা হচ্ছে।

তাই রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আসন সংখ্যা পুনর্বহাল রেখে জ্ঞানপিপাসু শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণের সুযোগ করে দেয়ার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিকট জোর দাবী জানাচ্ছি।

— মুহাম্মদ জিয়া বিন গফুর, উত্তর ছুপুয়া, চৌদ্দগ্রাম, কুমিল্লা।